# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৮৪

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (كتاب الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَجِدُونَ مِنْ خَيْرِ النَّاسِ أَشَدَّهُمْ كَرَاهِيَةً لِهَذَا الْأَمْرِ حَتَّى يقَعَ فِيهِ»

বাংলা

৩৬৮৪-[২৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে সর্বোত্তম ঐ ব্যক্তিকে পাবে, যে শাসনভারকে মারাত্মকভাবে ঘৃণা পোষণ করে, যতক্ষণ পর্যন্ত সে তার মাঝে নিপতিত না হয়। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৫৮৮, মুসলিম ২৫২৬, আহমাদ ১০৭৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীস দ্বারা উদ্দেশ্য হতে পারে। ইমাম ত্বীবী (রহঃ) বলেছেনঃ দু’টি উদ্দেশ্য হওয়ার সম্ভাবনা রয়েছে।

(এক) লোকেদের মাঝে তোমরা সর্বোত্তম ব্যক্তিকে পাবে, তারা ক্ষমতা গ্রহণ করাকে চরমভাবে ঘৃণা করে এমনকি তার মাঝে লিপ্ত হয়। ঐ সময়ে তাদের মাঝে কল্যাণ থাকে না।

(দুই) নিশ্চয় এর চূড়ান্ত পর্যায় হলো, সে অপছন্দ করে এমনকি তাতে লিপ্ত হয়। ঐ সময় আল্লাহ তা‘আলা তাকে সাহায্য করবে। সুতরাং সে অপছন্দনীয় হবে না। (মিরকাতুল মাফাতীহ)

কাযী (রহঃ) বলেছেনঃ সম্ভাবনা রয়েছে এটার দ্বারা উদ্দেশ্য হওয়া ইসলাম যেমনটি ধারণা করেছেন ‘উমার, খালিদ

বিন ওয়ালীদ, ‘ইকরামাহ্-সহ অন্যান্যরা। তারা ইসলামকে খুব কঠোরভাবে অপছন্দ করেছিল। যখন ইসলামের মাঝে প্রবেশ করেছে তখন একনিষ্ঠতার সাথে অনুসরণ করেছে এবং ইসলামকে ভালোবেসেছে এবং ইসলামের কালিমার জন্য জিহাদ করেছে। (শারহে মুসলিম ১৬শ খন্ড, হাঃ ২৫২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন